

স্মারক নং-০৫.৪৩.৮১৯৪.০০০.০৬.০৬৫.২৩. ২৪৭২

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

পুনঃবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর পরিকল্পনা শাখার গত ১৮.০১.২০২১ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০.০১৪.০৪৩(৭).১১-৩৬ নং স্মারক পত্রে জারিকৃত “উপজেলা মুক্তিযোদ্ধা ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র” এবং ৩১.১০.২০২৩ খ্রি. তারিখে এবং ২০/১১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত “উপজেলা মুক্তিযোদ্ধা ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক” কমিটির সভায় সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক তানোর উপজেলার মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ১ম ও ২য় তলার মোট ১২ (বারো) টি কক্ষ দোকান হিসেবে ভাড়া দেওয়ার নিমিত্ত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

০১	আবেদন ফরম বিক্রয়ের তারিখ ও স্থান	২২/১১/২০২৩ তারিখ হতে ২৪/১২/২০২৩ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন পর্যন্ত) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তানোর, রাজশাহী।
০২	আবেদন ফরম জমাদানের শেষ তারিখ, সময় ও স্থান	২৪/১২/২০২৩ তারিখ দুপুর ১২.০০ টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তানোর, রাজশাহী।
০৩	আবেদন ফরম জমাকৃত বাক্স খোলার তারিখ, সময় ও স্থান	২৪/১২/২০২৩ তারিখ বিকাল ০৩.০০ টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তানোর, রাজশাহী।
০৪	দোকান ভাড়ার সময়সীমা	বরাদ্দ প্রদানের তারিখ হতে ০৩ (তিন) বছর।
০৫	দোকান ভাড়ার পরিমাণ ও জামানত	মাসিক নির্ধারিত ভাড়ার ১,০০০/- (এক হাজার) টাকা ও জামানত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।
০৬	আবেদন পত্রের মূল্য	৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।

শর্তাবলী :

- আবেদন ফরমের সাথে ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ফেড লাইলেন্সের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ মূল্য সংযোজন কর (ভ্যাট) রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি এবং ব্যাংক স্বচ্ছলতার সনদের মূল কপি জমা দিতে হবে।
- যে কোনো তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে “উপজেলা নির্বাহী অফিসার ও আহ্বায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা কমিটি, তানোর, রাজশাহী” এর অনুকূলে জামানতের টাকা আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে প্রতিবছর ভাড়া পুনঃনির্ধারণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- বরাদ্দকৃত দোকানে অনৈতিক আচরণ, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কার্যক্রম করা যাবেনা এবং ভাড়াকৃত দোকান অন্য কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানকে হস্তান্তর/ ব্যবহারের জন্য পুনঃবরাদ্দ/ ভাড়া (সাবলেট) প্রদান করা যাবেনা।
- নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গৃহীত হবে না ও একটি আবেদনপত্র কেবল ১ (এক) টি দোকান ঘরের জন্যই প্রযোজ্য হবে।
- অগ্রিম ০৩ (তিন) মাসের ভাড়া প্রদান করতে হবে এবং প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে ভাড়া পরিশোধ করতে হবে।
- বিদ্যুৎ বি ল ও অন্যান্য ইউটিলিটি বিল স্ব স্ব দোকান বরাদ্দ গ্রহণকারীকে পরিশোধ করতে হবে।
- কোনো দোকান গ্রহীতা বরাদ্দ বাতিল করতে চাইলে ৬(ছয়) মাস পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করবেন। অন্যথায়,

৭২

জামানত ও অগ্রিম ভাড়ার অর্থ ফেরত পাবেন না।

০৯. বরাদ্দ প্রাপ্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের সাথে উল্লিখিত শর্ত সম্বলিত চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে
১০. বীর মুক্তিযোদ্ধাগণের পরিবার ও “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে দোকান ঘর বরাদ্দ প্রদান করা হবে।
১১. কর্তৃপক্ষ যেকোনো সময় জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল, কোনো সিদ্ধান্ত পরিবর্তন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ সংক্রান্ত সরকারি যেকোনো পরিপত্র/নির্দেশনা শর্তের অংশ হিসেবে বিবেচিত হবে।

(মো: বিল্লাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
তানোর, রাজশাহী
ও

আহবায়ক
উপজেলা মুক্তিযোদ্ধা ভবন রক্ষণাবেক্ষণ
ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি
তানোর, রাজশাহী।

ফোন: ০২৪৭৮-৫১০০২ (অফিস)

ই-মেইল: unotanore@mopa.gov.bd

অনুলিপি-সদয় অবগতির জন্য/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪. জেলা প্রশাসক, রাজশাহী।
০৫. পুলিশ সুপার, রাজশাহী।
০৬. প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী।
০৮. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।
০৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী।
১০. মেয়র, মুন্সুরা/ তানোর পৌরসভা, তানোর, রাজশাহী।
১১. উপজেলা.....অফিসার, তানোর, রাজশাহী।
১২. বীর মুক্তিযোদ্ধা.....তানোর, রাজশাহী।
১৩.(সংশ্লিষ্ট সকল), তানোর, রাজশাহী।
১৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি, তানোর, রাজশাহী(ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)।
১৫. চেয়ারম্যান, চান্দুড়িয়া/কলমা/কামারগাঁ/বাধাইড়/তালন্দ/পাচন্দর/সরনজাই ইউনিয়ন পরিষদ, তানোর, রাজশাহী।
১৬. কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা ইউনিট কমান্ড, রাজশাহী।
১৭. কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা ইউনিট কমান্ড, তানোর, রাজশাহী।
১৮. সভাপতি/ সাধারণ সম্পাদক,বাজার বণিক সমিতি, তানোর, রাজশাহী।
১৯. সভাপতি/ সাধারণ সম্পাদক প্রেস ক্লাব(সকল), তানোর, রাজশাহী।
২০. নোটিশ বোর্ড।
২১. দফতর নথি/ মাস্টার ফাইল।